দৈনিক ইনকিলাব

তারিখ ... APR. 1 2 1999
পৃষ্ঠা ৭ কলাম ৪

৩৫

## প্রাথমিক বৃত্তি পরীক্ষায় এবার বিপর্যয় ঘটার কারণ

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের খামখেয়ালী ও স্বেচ্ছাচারিতার ফলে এবার প্রাথমিক বৃত্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়ে আসছে। প্রশ্নপত্র ফাঁস বা কোন অঘটনের নজির এ যাবত ঘটে নাই। এবার বৃত্তি পরীক্ষায় প্রশ্নপত্র প্রণয়নের দায়িত্ব সচিব নিজ হাতে গ্রহণ, করেন এবং তার তত্ত্বাবধানে ঢাকা বিভাগের উপ-পরিচালক প্রশ্নপত্র প্রণয়ন ও মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করেন। পরীক্ষার তারিখ নির্ধারিত হয় ৮ ডিসেম্বর ১৯৯৮। সারাদেশে প্রশ্নপত্র বিতরণ করা হয়। সংশ্লিষ্ট জেলার ডিসিদের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলের থানা শিক্ষা অফিসারগণের নিকট প্রশ্নপত্র বিলি করা হয়। ছাত্র-ছাত্রীগণের দূর-দূরান্তে অবস্থিত গ্রাম হতে থানা হেড কোয়ার্টারে চলে আসে। এ সময় ৫ ডিসেম্বর ১৯৯৮ তারিখে জানা যায় ঢাকায় প্রশ্নপত্র ফাঁস হয়েছে তাই পরীক্ষা বাতিল করা হয়, পরে পরীক্ষা ১৩